দৈনিক ইত্তেফাক

15

তারিখ ... 08-DEC 1998 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৬ ......

## সরকারী প্রাথমিক বিদ্যালয় প্রয়োজন

আমরা চাঁদপুর জেলার ফরিদগঞ্জ থানাধীন ১ নং বালিথুবা পশ্চিম ইউনিয়নের ১ নম্বর ওয়ার্ডস্থ বেহারীপুর ও বলিয়ারপুর গ্রামের বাসিন্দা। গ্রাম দুইটিতে সরকারী কোন প্রাথমিক বিদ্যালয় নাই। বেহারীপুর গ্রামে বেহারীপুর দাসপাড়া প্রাথমিক বিদ্যালয় থাকিলেও তাহা অর্থের অভাবে অনেক দিন যাবৎ বন্ধ। পার্শ্ববর্তী গ্রামের সরকারী প্রাথমিক বিদ্যালয় ২/৩ কিলোমিটার দূরে অবস্থিত। ফলে ছোট ছোট ছেলে-মেয়েদের পক্ষে উক্ত দীর্ঘ পথ অতিক্রম করিয়া বিদ্যালয়ে যাতায়াত করা অত্যন্ত কষ্টসাধ্য। বর্ষা মৌসুমে এই সমস্যা আরও প্রকট আকার ধারণ করে। এমতাবস্থায়, শিক্ষা প্রসারের সুবিধার্থে বেহারীপুর গ্রামে একটি সরকারী প্রাথমিক বিদ্যালয় স্থাপনের জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

**রবীন্দ্র চন্দ্র দাস,**
গ্রাম ঃ বেহারীপুর,
ডাক ঃ চান্দ্রা বাজার,
থানা ঃ ফরিদগঞ্জ,
জেলা ঃ চাঁদপুর।